ডাক ও টেলিযোগাযোগ বিভাগ
POSTS & TELECOMMUNICATIONS DIVISION


মোস্তাফা জব্বার
মন্ত্রী
ডাক ও টেলিযোগাযোগ বিভাগ
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

ডিজিটাল বাংলাদেশ
Digital Bangladesh

**Mustafa Jabbar**
**Minister**
Posts & Telecommunications Division
Ministry of Posts, Telecommunications & IT
Government of the People's Republic of Bangladesh


আধা-সরকারি পত্র নং-১৪.০০.০০০০.০২৭.০৩১.০০৩.১৯.১০৭৭

তারিখ : ১৯ মাঘ ১৪২৬ ব: / ০২ ফেব্রুয়ারি ২০২০খ্রি:

বিষয়ঃ সামাজিক নিরাপত্তা বেষ্টনীর আওতায় প্রদেয় ভাতাসমূহ ডাক অধিদপ্তরের ডিজিটাল ফিন্যান্সিয়াল সার্ভিস 'নগদ' এর মাধ্যমে প্রদান ।

প্রিয় সহকর্মী

আপনি নিশ্চয়ই অবগত আছেন যে, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী বিগত ২৬ মার্চ ২০১৯ খ্রি: তারিখে ডাক বিভাগের ডিজিটাল ফিন্যান্সিয়াল সার্ভিস 'নগদ' এর শুভ উদ্বোধন করেন। উদ্বোধনের শুরু থেকেই 'নগদ' এর মাধ্যমে ক্যাশ ইন (টাকা জমা করা), ক্যাশ আউট (টাকা উত্তোলন করা), সেন্ড মানি (টাকা পাঠানো বা গ্রহণ করা), মোবাইল রিচার্জ, মার্চেন্ট পে (কেনাকাটার বিল প্রদান করা), বিল পে (সরকারি-বেসরকারি বিভিন্ন বিল পরিশোধ), বিভিন্ন প্রতিষ্ঠানের অর্থ কালেকশন ছাড়াও বিভিন্ন প্রকার সরকারি ভাতা প্রদান সম্পর্কিত সেবা দিয়ে যাচ্ছে

০২। **সামাজিক নিরাপত্তা বেষ্টনীর আওতায় প্রদেয় ভাতাসমূহ** ডাক অধিদপ্তরের ডিজিটাল ফিন্যান্সিয়াল সার্ভিস 'নগদ' এর মাধ্যমে প্রদানের লক্ষ্যে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী নিম্নোক্ত অনুশাসন প্রদান করেছেনঃ

**"নগদ এর মাধ্যমে অর্থ প্রেরণের লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ নেয়া হোক"।**

এবং একই সাথে প্রধানমন্ত্রীর কার্যালয়ের স্মারক নং-০৩.০০.২৬৯০.০৭৫.০৫.০০৪.১৯ (অংশ-২)-০৩, তাং-০২/০১/২০২০ খ্রিঃ পত্রে নির্দেশনা প্রদান করেছেন যে,

**"ব্যাংকের কাছ থেকে 'নগদ' এর মাধ্যমে অর্থ প্রেরণের জন্য যা যা করণীয় তা সুনির্দিষ্ট করার পদক্ষেপ নেয়া হোক"।**

০৩। বর্তমানে 'নগদ' সেবা প্রদানের জন্য বাংলাদেশের প্রত্যন্ত অঞ্চলে রয়েছে ৯,৮৮৬টি ডাকঘর, ৮,৫০০টি ডিজিটাল ডাকঘর এবং ১,৫৬,০০০ (এক লক্ষ ছাপ্পান্ন হাজার) এর বেশি 'নগদ' উদ্যোক্তা পয়েন্ট। 'নগদ' সেবার মাধ্যমে সহজেই দেশের এক প্রান্ত হতে দেশের অন্যান্য প্রান্তে মোবাইল নম্বরের মাধ্যমে অর্থ প্রেরণ/গ্রহণ করা যায়।

৪। এমতাবস্থায়, মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রদত্ত অনুশাসন এবং নির্দেশনার আলোকে আপনার মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক সামাজিক নিরাপত্তা বেষ্টনীর আওতায় প্রদেয় ভাতাসমূহ ডাক অধিদপ্তরের ডিজিটাল ফিন্যান্সিয়াল সার্ভিস 'নগদ' এর মাধ্যমে প্রদানের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য আপনার একান্ত সহযোগিতা কামনা করছি। শুভেচ্ছান্তে

আন্তরিকভাবে আপনার

মোস্তাফা জব্বার

---

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
প্রশাসন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.hsd.gov.bd

নং-৪৫.০০.০০০০.১৪০.৯৯.০০৭.১৯- ৪৭৮

তারিখ: ২২ মার্চ, ২০২০ খ্রি. / ০৮ চৈত্র, ১৪২৬ বঙ্গাব্দ

**অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল:**

১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর/ঔষধ প্রশাসন অধিদপ্তর/নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর/স্বাস্থ্য অর্থনীতি ইউনিট, ঢাকা।
২। প্রধান প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, মতিঝিল, ঢাকা।
৩। চীফ টেকনিক্যাল ম্যানেজার, নিমিউ এন্ড টিসি, মহাখালী, ঢাকা।
৪। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৫। ওয়ার্কশপ ম্যানেজার, টেমো, মহাখালী, ঢাকা।

22.03.2020


(খন্দকার জাকির হোসেন)
উপসচিব
ফোনঃ ৯৫৭৭৯৮৫
admin1@hsd.gov.bd

ডাক ও টেলিযোগাযোগ বিভাগ
POSTS & TELECOMMUNICATIONS DIVISION

ডিজিটাল বাংলাদেশ
Digital Bangladesh

মোস্তাফা জব্বার
মন্ত্রী
ডাক ও টেলিযোগাযোগ বিভাগ
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**Mustafa Jabbar**
**Minister**
**Posts & Telecommunications Division**
**Ministry of Posts, Telecommunications & IT**
**Government of the People's Republic of Bangladesh**

আধা-সরকারি পত্র নম্বর: ১৪.০০.০০০০.০২৭.০৩১.০০৩.১৯. ১১২০

১১ ফাল্গুন ১৪২৬ ব:
তারিখ : ২৪ ফেব্রুয়ারি ২০২০ খ্রি:

প্রিয় সহকর্মী

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সোনার বাংলা গড়ার দৃঢ় প্রত্যয় নিয়ে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে বঙ্গবন্ধু স্যাটেলাইট-১ (বিএস-১) এক অনন্য মাইল ফলক। মাননীয় প্রধানমন্ত্রীর তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়ক মাননীয় উপদেষ্টা জনাব সজীব আহমেদ ওয়াজেদ এর ঐকান্তিক প্রচেষ্টা ও নির্দেশনায় ডাক ও টেলিযোগাযোগ বিভাগের সার্বিক তত্ত্বাবধানে বিএস-১ নির্মাণ ও সফল উৎক্ষেপণ করা হয়। বিএস-১-এর বিক্রয়, বিপণন, পরিচালনা ও রক্ষণাবেক্ষণের জন্য ডাক ও টেলিযোগাযোগ বিভাগের অধীনে বাংলাদেশ কমিউনিকেশন স্যাটেলাইট কোম্পানি লিমিটেড (বিসিএসসিএল) গঠন করা হয়েছে। বর্তমানে বিএস-১ এর মাধ্যমে উন্নত টিভি ও ডিটিএইচ সেবা সম্প্রচার, ডাটা ও ইন্টারনেট কানেক্টিভিটিসহ উন্নতমানের টেলিযোগাযোগ সেবা প্রদান করা হচ্ছে। এছাড়াও, বিএস-১-এর মাধ্যমে বিভিন্ন ধরণের অত্যাধুনিক ডিজিটাল সেবা প্রদান করা সম্ভব। দেশ ও জাতির এই গৌরবময় অর্জনে আপনিও একজন সক্রিয় অংশীদার।

দেশের জনগণের স্বাস্থ্যসেবা নিশ্চিত ও সহজলভ্য করার জন্য আপনার মন্ত্রণালয়ের বিগত দিনের বিভিন্ন উদ্যোগ প্রশংসার দাবিদার। প্রত্যন্ত অঞ্চলে যেখানে স্বাস্থ্য সেবা পৌছানো অত্যন্ত দূরুহ সেসব অঞ্চলে বঙ্গবন্ধু স্যাটেলাইট (বিএস-১) এর ভি-স্যাট সংযোগের মাধ্যমে সার্বক্ষণিকভাবে সংযোগ রক্ষা করে টেলিমেডিসিন সেবা প্রদান করা সম্ভব। টেলিমেডিসিন প্রযুক্তি ব্যবহার করে প্রত্যন্ত অঞ্চলের রোগীদেরকে বিভিন্ন ডায়াগনস্টিক সেবা (পালস রেট, ব্লাড প্রেসার, ফাটাল হার্ট রেট, আলট্রাসনোগ্রামসহ বিভিন্ন টেস্ট, এক্সরে-ইমেজ ইত্যাদি) প্রদান করা ও এ তথ্য ডাক্তার/বিশেষজ্ঞ ডাক্তারের মাধ্যমে পর্যবেক্ষণ করে আধুনিক চিকিৎসা সেবা প্রদান করা যাবে। এর মাধ্যমে স্বাস্থ্যসেবা জনগণের দোরগোড়ায় পৌছানোর মাধ্যমে স্বাস্থ্য খাতে বর্তমান সরকারের উদ্যোগ জনগণের আরো বেশি দৃষ্টিগোচর হবে।

ইতোমধ্যে, বিএস-১ এর মাধ্যমে টেলিমেডিসিন সেবা গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী, মাননীয় প্রধানমন্ত্রীর তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়ক উপদেষ্টা জনাব সজীব আহমেদ ওয়াজেদ, শিক্ষা মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী ডা: দীপু মনি, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেডিকেল বিশ্ববিদ্যালয় (বিএসএমএমইউ) এর উপ-উপাচার্যসহ সরকারি উচ্চপদস্থ কর্মকর্তা ও সংশ্লিষ্ট বিভিন্ন বেসরকারি প্রতিষ্ঠানসমূহের কর্মকর্তাগণকে প্রদর্শন করা হয়েছে ও তাঁরা এই প্রযুক্তির প্রশংসা করেছেন।

এমতাবস্থায়, এই প্রযুক্তির মাধ্যমে প্রত্যন্ত অঞ্চলে আধুনিক স্বাস্থ্যসেবা পৌছে দেয়া ও একইসাথে বঙ্গবন্ধু স্যাটেলাইট-১ কে স্বাস্থ্যখাতে জনগণের কল্যাণে ব্যবহার করার জন্য স্বাস্থ্য মন্ত্রণালয় উদ্যোগ গ্রহণ করতে পারে। আপনার মন্ত্রণালয় বা অধীনস্থ কোন সংস্থা/ অধিদপ্তর/দপ্তর হতে এ কাজের জন্য প্রকল্প গ্রহণ করতে পারে। বিসিএসসিএল এ কাজে আন্তরিকভাবে সহযোগিতা প্রদান করবে। দেশের একটি গুরুত্বপূর্ণ মন্ত্রণালয় হিসেবে বঙ্গবন্ধু স্যাটেলাইট-১ এর সেবা গ্রহণ করে সরকারের এই মহৎ উদ্যোগকে সফলকরণের জন্য আপনার মন্ত্রণালয় অবদান রাখতে পারে।

এমতাবস্থায়, আপনার মন্ত্রণালয় এবং আওতাধীন দপ্তর/সংস্থায় বঙ্গবন্ধু স্যাটেলাইট-১ এর সেবা গ্রহণ করে সরকারের এই মহৎ উদ্যোগকে সফল করার লক্ষ্যে আপনার আন্তরিক সহযোগিতা কামনা করছি। শুভেচ্ছান্তে

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রীর দপ্তর
ডায়েরী নং ০১
২৪/০২/২০২০

২৪/০২/২০২০
মোস্তাফা জব্বার
মন্ত্রী

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
প্রশাসন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.hsd.gov.bd

নং-৪৫.০০.০০০০.১৪০.৯৯.০০৭.১৯-৪৭৯

তারিখ: ২২ মার্চ, ২০২০ খ্রি.
০৮ চৈত্র, ১৪২৬ বঙ্গাব্দ

**অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল:**

১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর/ঔষধ প্রশাসন অধিদপ্তর/নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর/স্বাস্থ্য অর্থনীতি ইউনিট, ঢাকা।
২। প্রধান প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, মতিঝিল, ঢাকা।
৩। চীফ টেকনিক্যাল ম্যানেজার, নিমিউ এন্ড টিসি, মহাখালী, ঢাকা।
৪। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৫। ওয়ার্কশপ ম্যানেজার, টেমো, মহাখালী, ঢাকা।

22.03.2020

(খন্দকার জাকির হোসেন)
উপসচিব
ফোনঃ ৯৫৭৭৯৮৫
admin1@hsd.gov.bd